

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৫৬৪

আগরতলা, ২২ অক্টোবর, ২০২৪

প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

আজ ২২ অক্টোবর, ২০২৪ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় ‘নির্বিকার রাজ্য রক্ত সঞ্চালন পর্ষদ ব্লাড ব্যাঙ্ক রক্ত সংকট’ শিরোনামে প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, ১ অক্টোবর থেকে ২১ অক্টোবর পর্যন্ত আইজিএম হাসপাতালে স্বেচ্ছা রক্তদানের হার ৫৫.০৬ শতাংশ। আইজিএম হাসপাতালে ১ অক্টোবর থেকে ২১ অক্টোবর পর্যন্ত মোট ২২৭ ইউনিট রক্ত সংগৃহীত হয়েছে। এর মধ্যে স্বেচ্ছা রক্তদানের মাধ্যমে সংগৃহীত হয়েছে ১২৫ ইউনিট এবং রিপ্লসমেন্ট ডোনার ছিলেন ১০২ জন। জিবিপি হাসপাতালে স্বেচ্ছারক্তদানের হার বরাবরই তুলনামূলকভাবে কম থাকে। ১ অক্টোবর থেকে ২১ অক্টোবর ২০২৪ পর্যন্ত সেখানে ৮৫৮ ইউনিট রক্ত সংগৃহীত হয়েছে। তার মধ্যে ১৯২ ইউনিট রক্ত স্বেচ্ছা রক্তদানের মাধ্যমে এবং ৬৬৬ ইউনিট রক্ত রিপ্লসমেন্ট ডোনার এর মাধ্যমে সংগৃহীত হয়েছে।

ত্রিপুরা রাজ্যের রক্ত সঞ্চালন পর্ষদ যথেষ্ট দায়িত্ব নিয়ে রাজ্যে স্বেচ্ছা রক্তদানের হার বৃদ্ধি করতে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ইতিমধ্যে স্বেচ্ছারক্তদানের বাৎসরিক ক্যালেন্ডার তৈরি করা হয়েছে। রাজ্যে স্বেচ্ছা রক্তদানের গতি বৃদ্ধি করার লক্ষ্যে স্বাস্থ্য সচিব কিরণ গিত্যে গত ৮ অক্টোবর ২০২৪ মহাকরণে রক্ত সঞ্চালন পর্ষদের গভর্নিং বডির এক সভায়ও পুনরায় গুরুত্ব আরোপ করেন এবং সেই সভায় বিভিন্ন পরিকল্পনাও গৃহীত হয়েছে। যেহেতু এই মাসে শারদীয়া দুর্গোৎসব ছিল, তাই স্বাভাবিকভাবেই স্বেচ্ছা রক্তদান শিবিরের আয়োজন কম হয়েছে। কিন্তু রক্তের অভাবে কোনও রোগীর মৃত্যুর কোনও সংবাদ নেই। উল্লেখ্য সেপ্টেম্বর মাসে আইজিএম হাসপাতালে ৩৮৮ ইউনিট রক্ত (৬৭.২৪ শতাংশ) স্বেচ্ছা রক্তদানের মাধ্যমে সংগৃহীত হয়েছে এবং ১৯৯ ইউনিট রক্ত রিপ্লসমেন্ট ডোনার এর মাধ্যমে, সর্বমোট ৫৭৭ ইউনিট রক্ত সংগ্রহ হয়। জিবিপি হাসপাতালে এই সময়কালে ৫০৯ ইউনিট রক্ত স্বেচ্ছায় রক্তদানের মাধ্যমে সংগৃহীত হয়েছে এবং ১১৪৩ ইউনিট রক্ত রিপ্লসমেন্ট ডোনারের মাধ্যমে সংগৃহীত করা হয়। সেপ্টেম্বর মাসে সারা রাজ্যে ২৪৬৫ ইউনিট (৫৯.৯৯ শতাংশ) রক্ত স্বেচ্ছায় রক্তদানের মাধ্যমে সংগৃহীত হয়েছে। ৪১০৯ ইউনিট রক্ত রিপ্লসমেন্ট ডোনারের মাধ্যমে সংগ্রহ করা হয়।
